গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)

প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

**Website: www.natpdls.gov.bd | Email: directornatp2dls@yahoo.com**

স্মারক নং-৩৩.০১.০০০০.৭০৫.০১.২৩.১৯. ৮৭৬ তারিখঃ ২১.০৬.২০২১ খ্রিঃ।

প্রাপক,

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

--------------------------(২১টি) উপজেলা

--------------------------জেলা।

**বিষয় ঃ অনুমোদিত উপ-প্রকল্পসমূহের অনুকূলে AIF-3 ম্যাচিং গ্রান্ট বিতরণ।**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিগত ০৪/০৩/২০২১ খ্রি: তারিখে জারীকৃত অত্র স্মারক নম্বর-৩১৫ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে আপনার উপজেলা হতে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত **AIF-3** ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প সমূহের মধ্য হতে, অনুমোদিত উপ-প্রকল্পের তালিকা ও বিবরণ (সংযুক্তি-১), ম্যাচিং গ্রান্টের বিতরণ ও ব্যবস্থাপনা সম্পর্কিত নির্দেশিকা (সংযুক্তি-২)।

সংযুক্ত নির্দেশিকা " এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড ম্যানুয়্যাল- **AIF-3** অপারেশনাল গাইডলাইন" যথাযথভাবে অনুসরণপূর্বক অনুমোদিত উপ-প্রকল্পসমূহ সাফল্যজনকভাবে বাস্তবায়নের সার্বিক প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ১৫.০৭.২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে উপ-প্রকল্পভিত্তিক সংশ্লিষ্ট সকল রেকর্ড/কাগজ-পত্রাদিসহ বরাদ্দকৃত অর্থ ছাড়করনের অনুরোধ পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতদবিষয়ে সংযুক্ত নির্দেশিকার ১৬,১৭,১৮,১৯,২০,২১,২২,২৩,২৪,২৫ নং অনুচ্ছেদের প্রতি আপনার বিশেষ দৃষ্টি নিবন্ধ করা যাচ্ছে।

অনুচ্ছেদ নং ১৬ ও ২২ : ( গ্রান্টের অর্থ ছাড়করণ ও বিল পরিশোধ সংক্রান্ত)- উদ্যোক্তা কোটেশন পদ্ধতিতে পণ্যাদি ক্রয় সংক্রান্ত তুলনামুলক বিবরণী প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় সকল রেকর্ড/কাগজ-পত্রাদিসহ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট দাখিল করবেন। দাখিলকৃত বিবরণী ও রেকর্ড/কাগজ-পত্রাদির ভিত্তিতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-"ক্রয় কার্য উদ্যোক্তা'র বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে" - মর্মে প্রত্যয়ন প্রদানপূর্বক প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট সকল রেকর্ড/কাগজ-পত্রাদিসহ (সত্যায়িত অনুলিপি) পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ), ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), ডিএলএস, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে অর্থ ছাড়করণের জন্য অনুরোধ পত্র প্রেরণ করবেন। প্রেরিত তুলনামূলক বিবরণী, রেকর্ড/কাগজ-পত্রাদি ও প্রত্যয়ন পত্রের ভিত্তিতে পরিচালক, পিআইইউ-এনএটিপি-২, ডিএলএস, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার একাউন্টে অনুমোদিত অর্থ ছাড় করা হবে।

অনুচ্ছেদ নং ২০ : কমপক্ষে তিনটি মূল্যোদ্ধৃতি (Quotation) সংগ্রহের পর উদ্যোক্তা পণ্যাদির মূল্য সম্বন্ধে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তখন বাজার যাচাইয়ের মাধ্যমে কোটেশন উদ্ধৃত মূল্যের যথার্থতা পরীক্ষা করবেন। উদ্ধৃত মূল্য বাজার মূল্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হলে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা গ্রান্ট গ্রহণকারী উদ্যোক্তা-কে ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণের বিষয়ে অবহিত করবেন।

**AIF-3** ম্যাচিং গ্রান্ট এনএটিপি-২ প্রকল্পের একটি বিশেষ ও ইনোভেটিভ কার্যক্রম। সুতরাং এ কার্যক্রমের আওতায় অনুমোদিত উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ন এবং পরবর্তীতে অধিকতর উপ-প্রকল্প দাখিলে সক্রিয় ভূমিকা পালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৫ (পাঁচ) পাতা।

২২/০৫/২০২১

ডা: এ.এন. এম গোলাম মহিউদ্দিন
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ-II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি:</u>

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি চত্তর, ফার্মগেট, ঢাকা।
৩। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,...................................(প্রকল্পভুক্ত ১৬টি জেলা)।
৬। অফিস কপি।

# পিআইইউ, এনএটিপি-২, ডিএলএস এর আওতায় ম্যাচিংগ্রান্ট উপ-প্রকল্পসমূহের জাতীয় মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়নের সার সংক্ষেপঃ অর্থ বছরঃ২০২০-২০২১, তারিখঃ ১৭/০৬/২০২১খ্রিঃ সময় বিকালঃ ০৩.০০ ঘটিকা।

| ক্রমিক | জেলা/ উপজেলা | উদ্যোক্তার নাম | উপপ্রকল্পের শিরোনাম | উপপ্রকল্পে অন্তভুক্ত সামগ্রী/সরঞ্জাম/ কর্মকান্ড | উপ প্রকল্পের মোট মূল্যমান ও শেয়ার (টাকা) | | | সংযুক্ত ব্যাংক স্টেটমেন্টে সঞ্চয়ের পরিমান (টাকা) | প্রাপ্ত মোট নম্বর | সামগ্রিক মূল্যায়ন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | উপপ্রকল্পের মূল্যমান | ম্যাচিং গ্রান্ট ৫০% হিসেবে সর্বোচ্চ | উদ্যোক্তার শেয়ার সর্বনিম্ন ৫০% হিসেবে | | | |
| ১ | কালকিনি, মাদারীপুর। | সমীরকুমারঢাকী চর ফতেবাহাদুর, কালকিনি, মাদারীপুর | নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের স্থায়ীবিপণণ | ট্রাক -১ | ১২,৫০,০০০ | ৫,৮১,০০০ | ৬,৬৯,০০০ | ৭,০১২৩৪ | ৮৩ | সুপারিশকৃত |
| ২ | কেশবপুর, যশোর। | আব্দুলআহাদ জোয়ারদার, কেশবপুর, যশোর | নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের স্থায়ী বিপণন | ট্রাক -১ | ১২,৫০,০০০ | ৫,৮১,০০০ | ৬,৬৯,০০০ | ৭,০১,৯৬৫ | ৮১ | সুপারিশকৃত |
| ৩ | ধামরাই, ঢাকা। | মোঃ হোসনেমুবারকসিদ্দিকী, ধামরাই, ঢাকা | দুগ্ধ ও গোখাদ্য ও দুগ্ধজাতপণ্য পরিবহন ও বাজারজাতকরণ | ট্রাক -১ | ১২,০০,০০০ | ৫,৮১,০০০ | ৬,১৯,০০০ | ৬,৬৫,৫২৮ | ৮৮ | সুপারিশকৃত |
| ৪ | ধনবাড়ি, টাঙ্গাইল। | মোঃ ইউনুস আলী,নরিল্লাবাজার, ধনবাড়ি, টাঙ্গাইল | চিলিংপ্লান্টেরমাধ্যমে দুগ্ধ সংরক্ষণ ও বাজারজাতকরণ | চিলিংপ্লান্ট মেশিন (এফসিটি)১০০০ লিটার-২টি। জেনারেটর ১টি, সেন্টিফিউজ ১টি। | ১১,৬২,০০০ | ৫,৮১,০০০ | ৫,৮১,০০০ | ৫,৮১,২১৫ | ৮৫ | সুপারিশকৃত |
| ৫ | ধামরাই, ঢাকা। | মোঃ আবুসাইদ, চৌহাট, ধামরাই, ঢাকা। | দুগ্ধ ও গোখাদ্য পরিবহণ ও দুগ্ধজাতপণ্য বাজারজাতকরণ | ট্রাক ১টি | ১২,০০,০০০ | ৫,৮১,০০০ | ৬.১৯.০০০ | ৭,০২,২১৪ | ৮৬ | সুপারিশকৃত |
| ৬ | টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। | মর্জিনা আক্তার রুমি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল | দুধ ও প্রাণিখাদ্য সরবরাহ | পিকআপ ১টি | ১০,৪৫,০০০ | ৫,২২,৫০০ | ৫,২২,৫০০ | ৫,৪৩,২২৩ | ৯২ | সুপারিশকৃত |
| ৭ | চাঁটখিল, নেয়াখালী। | গোপালরঞ্জণ চন্দ্র, চাঁটখিল, নেয়াখালী | সাইলেজ প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ | সাইলেজ মেকিং মেশিন ১টি পিকআপ ১টি | ১২,০০,০০০ | ৫,৮১,০০০ | ৬,১৯,০০০ | ৬,২৩,৫০৬ | ৮৬ | সুপারিশকৃত |
| ৮ | মীরসরাই, চট্টগ্রাম। | তপন কুমার শর্মা, দুর্গাপুর ইউনিয়ন, মীরসরাই, চট্টগ্রাম | ডেইরিপণ্য বাজারজাতকরণ | পিকআপ ১টি | ১০,০০,০০০ | ৫,০০,০০০ | ৫,০০,০০০ | ৮,০০,৮৪৪ | ৮৫ | সুপারিশকৃত |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৯ | কাউনিয়া, রংপুর। | মোঃ আবুবকর সিদ্দিক, শহীদবাগ, কাউনিয়া, রংপুর | দুগ্ধ সংগ্রহ, পশুখাদ্য সরবরাহ ও বাজারজাতকরণ, | পিকআপ ১টি | ১২,১৫,০০০ | ৫,৮১,০০০ | ৬,৩৪,০০০ | ৬,৫৭,৭,৪৫ | ৯২ | সুপারিশকৃত |
| ১০ | ভোলা সদর, ভোলা। | মোঃ ইফতারুলহাসান, ভোলাসদর, ভোলা। | চিলিং সেন্টার স্থাপন | এফসিটি-১০০০ লিটার ১টি,মিল্ক প্লেট পাস্তুরাইজার-১টি, মিল্কপ্যাকেজিং মেশিন -১টি। | ১২,৯০,০০০ | ৫,৮১,০০০ | ৭,০৯,০০০ | ৪৭,৭৭,৮৪৫ | ৮৬ | সুপারিশকৃত |
| ১১ | সিংগাইর, মানিকগঞ্জ। | মোঃ ওমরফারুক, জামসা, সিংগাইর, মানিকগঞ্জ | দুগ্ধ ও গোখাদ্য পরিবহণ ও বাজারজাতকরণ | ট্রাক-১ | ১২,০০,০০০ | ৫,৮১,০০০ | ৬,১৯,০০০ | ৬,২০,৫৪০ | ৮৪ | সুপারিশকৃত |
| ১২ | শার্শা, যশোর। | মোঃ মিজানুররহমান, কেরালখালি, শার্শা, যশোর | পোল্ট্রি বাজারজাতকরণে পিক-আপভ্যান ক্রয় | পিকআপ -১ | ৯,৪৫,০০০ | ৪,৭২,৫০০ | ৪,৭২,৫০০ | ৪,৭৪,০৬৩ | ৮৭ | সুপারিশকৃত |
| ১৩ | মধুপুর, টাঙ্গাইল। | মোঃ মশিউররহমান মোতালেব, গাঙ্গাইর বাজার, মধুপুর, টাঙ্গাইল | স্বল্পমূল্যে দানাদারখাদ্য উৎপাদন ও বাজারজাতকরণ | পিকআপ-১<br>ক্রাশিং মেশিন -১<br>মোল্ডিং মেশিন-১<br>ফিডমিক্সার -১ | ১২,০০,০০০ | ৫,৮১,০০০ | ৬,১৯,০০০ | ৬,২০,৮৬৩ | ৮৮ | সুপারিশকৃত |
| ১৪ | হাজীগঞ্জ, চাঁদপুর। | মোঃ নঈমুলহাসান, সোনাইমুরী, হাজীগঞ্জ, চাঁদপুর | মিনি পোল্ট্রি হ্যাচারি | ইনকিউবেটের-২<br>পিকআপ-১<br>জেনারেটর-১ | ৯,৬০,০০০ | ৪,৮০,০০০ | ৪,৮০,০০০ | ৬,৪৩,৫৪০ | ৯১ | সুপারিশকৃত |
| ১৫ | হাজিগঞ্জ, চাঁদপুর। | মোঃ রিয়াদ হাসান, কাইজাঙ্গা, হাজিগঞ্জ, চাঁদপুর | মিনিফিডমিল স্থাপন | ফিডমিক্সার-১, ফিড ক্রাশার-১<br>কর্ভাড অটো-১<br>জেনারেটর ১ | ১১,২৮,০০০ | ৫,৬৪,০০০ | ৫,৬৪,০০০ | ৮,৯০,৪৩০ | ৮৫ | সুপারিশকৃত |
| ১৬ | ত্রিশাল, ময়মনসিংহ। | হামিদাপারভিন, ত্রিশাল, ময়মনসিংহ | দুগ্ধজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ | পিকআপ-১টি | ১৩,০০,০০০ | ৫,৮১,০০০ | ৭,১৯,০০০ | ৮,০০,৩৪৫ | ৯৩ | সুপারিশকৃত |
| ১৭ | নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। | মোঃ সাহানআলী, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ | দুগ্ধজাতপণ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ | পিকআপ-১টি | ১১,৬৪,৩৪৩ | ৫,৮১,০০০ | ৫,৮৩,৩৪৩ | ৬,০৯,৯৮৬ | ৯৩ | সুপারিশকৃত |
| ১৮ | পীরগাছা, রংপুর। | মোঃ আবু তৈয়বনূর মিয়া, পীরগাছা, রংপুর | নিরাপদ দুগ্ধ সংগ্রহ ও বাজারজাতকরণ | পিকআপ-১টি ক্রিম সেপারেটর-১<br>মিল্ক ক্যান-১০<br>প্যাকেজিং মেশিন-১টি | ১১,৭৫,০০০ | ৫,৮১,০০০ | ৫,৯৪,০০০ | ৬,৯২,২৫৩ | ৮৬ | সুপারিশকৃত |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৯ | তালা, সাতক্ষিরা। | গোপিনাথ ঘোষ, জেয়ালা, তালা, সাতক্ষিরা। | নিরাপদ দুগ্ধজাতপণ্য উৎপাদান বিপণন ও আত্মকর্মসংস্থান | পিকআপ-১টি | ১২,৫০,০০০ | ৫,৮১,০০০ | ৬,৬৯,০০০ | ৭,০২,৯৪৭ | ৮৩ | সুপারিশকৃত |
| ২০ | ডুমুরিয়া, খুলনা। | গোবিন্দ মণ্ডল, ডুমুরিয়া, খুলনা। | নিরাপদ দুগ্ধজাতপণ্য উৎপাদান বিপণন ও আত্মকর্মসংস্থান | ট্রাক -১ | ১২,০০,০০০ | ৫,৮১,০০০ | ৬,১৯,০০০ | ৬,২০,০০০ | ৯৩ | সুপারিশকৃত |
| ২১ | সদর, মাগুড়া। | মোঃ মিজানুররহমান, সদর, মাগুড়া। | নিরাপদ দুগ্ধজাতপণ্য উৎপাদান বিপণন ও আত্মকর্মসংস্থান | ট্রাক-১ | ১২,৫০,০০০ | ৫,৮১,০০০ | ৬,৬৯,০০০ | ৮,১০,৫৯০ | ৮৬ | সুপারিশকৃত |
| ২২ | গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ। | মোঃ মাসুদ আহমেদ, জাহিদনগর, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ | নিরাপদ স্বাস্থ্যসম্মত মাংস ও ডিম বাজারজাতকরণ | ট্রাক-১ | ১১,৮০,০০০ | ৫,৮১,০০০ | ৫,৯৯,০০০ | ৬,০১,৪০০ | ৮৪ | সুপারিশকৃত |
| ২৩ | শিবচর, মাদারীপুর। | রফিকুলইসলাম কাদিরপুর, শিবচর, মাদারীপুর। | দুগ্ধ ও দুগ্ধজাতপন্য বাজারজাতকরণ। | পিকআপ-১ | ১২,০০,০০০ | ৫,৮১,০০০ | ৬,১৯,০০০ | ৯,০০,৯১২ | ৮৩ | সুপারিশকৃত |
| **প্রকল্পের অংশ (সর্বোচ্চ ৫০%)=১,২৯,৯৭,০০০ (এক কোটি উনত্রিশ লক্ষ সাতানব্বই হাজার টাকা মাত্র)** | | | | | | | | | | |

ডা. এ.এন.এম গোলাম মহিউদ্দিন
পরিচালক,
এনএটিপি-২, প্রাণিসম্পদ অংগ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য সচিব, জাতীয় মুল্যায়ন কমিটি

ডা. মো. আজিজুল হক খান
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
পিআইইউ: এনএটিপি-২, ঢাকা।
ও
সদস্য, জাতীয় মুল্যায়ন কমিটি

ডা. মো. মনিরুজ্জামান তরফদার
বৈজ্ঞানিককর্মকর্তা,
রিভারপেষ্ট শাখা
সংযুক্তি-পিইসি শাখা প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা ও
সদস্য, জাতীয় মুল্যায়ন কমিটি

মোঃ আবুল বাশার
চীফ,
পরিকল্পনা ও মূল্যায়ণ কোষ,
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট,
ঢাকা ও
সদস্য, জাতীয় মুল্যায়ন কমিটি

ডা. মনজুর মোহাম্মদ শাহজাদা
পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন),
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট,
ঢাকা
ও
সভাপতি, জাতীয় মুল্যায়ন কমিটি

অনুমোদিত

ডাঃ শেখ আজিজুর রহমান
মহাপরিচালক ([illegible])
প্রাণিসম্পদ অধিদপ্তর, [illegible], ঢাকা

১৫.৫ পরিচালক, পিআইইউ ঃ ডিএলএস, এনএটিপি-২ শুধুমাত্র অনুমোদনকৃত উপ-প্রকল্প প্রস্তাবগুলো বাস্তবায়ন ও রেকর্ড সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট প্রেরণ করবেন;

১৫.৬ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা উক্ত সিদ্ধান্ত উপ-প্রকল্প প্রস্তাব দাখিলের শেষ তারিখ থেকে ১২০ দিনের মধ্যে সংশ্লিষ্ট উদ্যোক্তা/আবেদনকারীকে অবহিত করবেন।

## ১৬. উপ-প্রকল্পে অর্থ ছাড় করার প্রক্রিয়া ঃ

১৬.১ AIF-3 তহবিল থেকে অর্থ বিতরণ ও তহবিল প্রবাহ প্রক্রিয়ায় সকল উপ-প্রকল্প বাস্তবায়নে অর্থিক ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ, আর্থিক প্রতিবেদন, অডিটিং ইত্যাদি কার্যক্রম একই নিয়মে পালন করা হবে;

১৬.২ অনুমোদনকৃত উপ-প্রকল্পের জন্য AIF-3 "ম্যাচিং গ্রান্ট" এর অর্থ পরিচালক, পিআইইউ ঃ ডিএলএস, এনএটিপি-২ থেকে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার ব্যাংক একাউন্টে ছাড় করা হবে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সরাসরি সংশ্লিষ্ট উদ্যোক্তার ব্যাংক একাউন্টে উক্ত অর্থ ছাড় করবেন এবং এর অনুলিপি সংশ্লিষ্ট উদ্যোক্ততা-কে প্রদান করবেন;

১৬.৩ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নিম্ন বর্ণিত মানদন্ড (criteria) অনুসরণ ও শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট উদ্যোক্তার ব্যাংক একাউন্টে উক্ত অর্থ ছাড় করবেন -

১৬.৩.১ উপ-প্রকল্পের কর্মপরিকল্পনা মোতাবেক সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হলে এবং তার যথার্থতা সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার যাচাইয়ে পাওয়া গেলে;

১৬.৩.২ সিআইজি গ্রহণ কমিটি কর্তৃক ক্রয়কৃত সমগ্রী (মালামাল) গ্রহণের প্রত্যায়ন প্রদান করা হলে;

১৬.৩.৩ মালামাল ক্রয়ের মূল বিল, মজুদ বহিতে স্টক এন্ট্রি পূর্বক সকল ভাউচার, ট্যাক্স ও ভ্যাট এর চালান, কোটেশন ইত্যাদি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নিকট দাখিল করা হলে;

১৬.৩.৪ উপ-প্রকল্পের মোট ব্যয়িত অংশের কমপক্ষে ৫০% অংশ উদ্যোক্তা কর্তৃক সংশ্লিষ্ট সরবরাহকারীকে একাউন্ট payee চেকের মাধ্যমে পরিশোধ করা হয়েছে তার প্রমাণক হিসাবে উদ্যোক্তার ব্যাংক বিবরণী দাখিল করা হলে।

- উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দায়িত্ব হলো উপ-প্রকল্পের অভীষ্ট লক্ষ্য অর্জনে যথাযথ বিশ্বস্ততা ও সুরক্ষার সাথে উপ-প্রকল্পের জন্য প্রদত্ত অর্থের কার্যকর ব্যবহার নিশ্চিত করা এবং তার প্রতিবেদন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও স্টেকহোল্ডারদের নিকট প্রেরণ করা।

## ১৭. উপ-প্রকল্পের তহবিল ব্যবস্থাপনা ঃ

উপ-প্রকল্প প্রস্তাবনার অনুকুলে প্রদত্ত উদ্যোক্তার অংশ এবং AIF-3 "ম্যাচিং গ্রান্ট" এর অর্থ উদ্যোক্তার বিদ্যমান ব্যাংক একাউন্টে জমা করা হবে এবং সেখান থেকেই উপ-প্রকল্পের অর্থ ব্যয়ের কার্যক্রম পরিচালিত হবে।

## ১৮. উপ-প্রকল্প প্রস্তাবের জন্য-ফান্ড শেয়ারিং ঃ

একটি উপ-প্রকল্পে AIF-3 থেকে সর্বোচ্চ প্রদেয় আর্থিক অনুদানের পরিমান হবে উক্ত উপ-প্রকল্পের প্রাক্কলিত মোট বাজেট বরাদ্দের ৫০%, অর্থাৎ সর্বোচ্চ বরাদ্দ ৫.৮১ লক্ষ টাকা। অবশিষ্ট ৫০% অর্থাৎ ৫.৮১ লক্ষ টাকা উদ্যোক্তাকে টাকা নিজস্ব তহবিল থেকে প্রদান করতে হবে। এ জন্য উদ্যোক্তার ব্যাংক হিসাবে উক্ত পরিমান টাকা সঞ্চয় থাকতে হবে। ফলে একটি উপ-প্রকল্পে AIF-3 অনুদান ও উদ্যোক্তা তহবিল মিলে সর্বোচ্চ বাজেট বরাদ্দের পরিমান হবে ১১.৬২ লক্ষ টাকা। যদি কোন কারণে উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বোচ্চ বাজেট বরাদ্দের চেয়ে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে উদ্যোক্তার নিজস্ব তহবিল থেকে উক্ত অতিরিক্ত ব্যয় মিটাতে হবে। অন্যদিকে যদি প্রস্তাবিত উপ-প্রকল্পের জন্য সর্বোচ্চ বাজেট বরাদ্দ অর্থাৎ ৫.৮১ লক্ষ টাকা থেকে কম

বরাদ্দের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে AIF-3 ও উদ্যোক্তা কর্তৃক প্রদেয় টাকার পরিমান আনুপাতিক হারে কমে যাবে, অর্থাৎ এ ক্ষেত্রে AIF-3 তে বরাদ্দ থাকলেও উপ-প্রকল্পের প্রয়োজন না থাকায় সেখানে সর্বোচ্চ বরাদ্দ প্রদান করা যাবে না।

১৯. উপ-প্রকল্পের মালামাল ক্রয়/সংগ্রহ পদ্ধতি ঃ

উপ-প্রকল্পের তালিকাভূক্ত সকল মালামাল ও সেবা ক্রয়ের ক্ষেত্রে অনুদান গ্রহণকারী উদ্যোক্তা-কে নিম্ন বর্ণিত নিয়ম পালন করতে দায়বদ্ধ থাকবেন ঃ

১৯.১ সরলীকৃত (সহজসাধ্য) ক্রয় পদ্ধতি ঃ প্রতিযোগিতামূলক মূল্য যাচাইয়ের ভিত্তিতে স্পট কোটেশনের মাধ্যমে সহজসাধ্য ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। কোটেশনের মাধ্যমে পণ্যের মূল্য প্রদানকালে উদ্ধৃত মূল্যের বিপরীতে ভ্যাট কত তা পৃথকভাবে উল্লেখ করতে হবে;

১৯.২ সরাসরি পণ্য ক্রয় পদ্ধতি ঃ পণ্যের ন্যায্য মূল্য এবং গুণগতমান নিশ্চিত করে ছোট ছোট পণ্য সরাসরি ক্রয় করা যেতে পারে। পণ্য প্রাপ্তির বিষয়টি সীমিত হলে, একক উৎস ক্রয় পদ্ধতি অনুসরণ করা যেতে পারে;

১৯.৩ পণ্যের মূল্যমান টাকা ২৫,০০০.০০ বা তার নিচে হলে উদ্যোক্তা নিজ ব্যবস্থামতে নগদ মূল্য পরিশোধপূর্বক বিক্রয়কারীর নিকট থেকে সরাসরি ক্রয় করতে পারবে। পণ্যের মূল্য প্রদানকালে উদ্ধৃত মূল্যের বিপরীতে ভ্যাট কত তা পৃথকভাবে উল্লেখ করতে হবে;

১৯.৪ উপ-প্রকল্পে তালিকাভুক্ত সকল সরঞ্জামাদি/মালামাল "প্যাকেজ" ভিত্তিক অথবা প্যাকেজের মধ্যে বিভিন্ন সরঞ্জামাদি/মালামাল-কে গ্রুপ করে "লট" আকারে স্থানীয়ভাবে ক্রয়ে উৎসাহিত করতে হবে। উপ-প্রকল্পে তালিকাভূক্ত হয় নাই এমন কোন সরঞ্জামাদি/মালামাল উদ্যোক্তা ক্রয় করতে পারবে না।

২০. বেসরকারী খাতে উদ্যোক্তাদের ক্ষেত্রে ক্রয় কার্যক্রম পরিচালনায় নিম্ন বর্ণিত নিয়ম পালন করতে হবে ঃ

অনুদান গ্রহণকারী উদ্যোক্তা-কে কমপক্ষে ৩টি (তিন) কোটেশন সংগ্রহ করতে হবে এবং দ্রব্যসামগ্রীর মূল্য সম্পর্কে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করতে হবে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা অতঃপর বাজার দর পর্যবেক্ষণ পূর্বক উক্ত কোটেশনে উদ্ধৃত দর যাচাই করবেন। কোটেশনে উদ্ধৃত দর বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হলে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সংশ্লিষ্ট অনুদান গ্রহণকারী উদ্যোক্তা-কে ক্রয় কার্য সম্পন্ন করার জন্য অবহিত করবেন। ক্ষুদ্র ক্ষুদ্র ক্রয়ের ক্ষেত্রে উদ্যোক্তা সর্বোচ্চ টাকা ২৫,০০.০০ (পঁচিশ হাজার) পর্যন্ত নগদ মূল্য পরিশোধপূর্বক বিক্রয়কারীর নিকট থেকে সরাসরি ক্রয় কার্য সম্পন্ন করতে পারবেন। এ ক্ষেত্রে প্রকল্প থেকে উদ্যোক্তার ক্রয় পদ্ধতি বিষয়ে প্রশিক্ষন থাকতে হবে। উপ-প্রকল্পে ক্রয়কৃত সকল মালামালের মজুদ সংরক্ষণের জন্য উদ্যোক্তাকে পৃথক স্টক রেজিস্টার সংরক্ষণ করতে হবে।